DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 05:30 PM

সারাদেশ

দিরাই উপজেলা জাতীয় ছাত্রশক্তির আংশিক কমিটি গঠন

প্রতিবেদক: সুনামগঞ্জ প্রতিনিধি
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ২২ সেপ্টেম্বর ২০২৬, ০৬:৩৮ PM



সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল ও বেগবান করার লক্ষ্যে জাতীয় ছাত্রশক্তি সুনামগঞ্জ জেলা শাখার অধীনে দিরাই উপজেলা শাখার আংশিক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) জেলা শাখার এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে আগামী ছয় মাসের জন্য এ কমিটির অনুমোদন দেওয়া হয়।

অনুমোদিত আংশিক কমিটিতে ফুয়াদ হাসান মাহিকে আহ্বায়ক এবং মহসিন আহমদকে সদস্য সচিব করা হয়েছে।

কমিটির অন্যান্য দায়িত্বপ্রাপ্তরা হলেন সিনিয়র যুগ্ম আহ্বায়ক রাহাদুল ইসলাম রাহাদ, সিনিয়র যুগ্ম সদস্য সচিব মো. বাবরুল ইসলাম, মুখ্য সংগঠক মো. আফাজ উদ্দিন এবং সংগঠক নাজিম উদ্দিন।

জেলা কমিটি সূত্রে জানা যায়, নবগঠিত আংশিক কমিটিকে আগামী এক মাসের মধ্যে একটি পূর্ণাঙ্গ ও সুশৃঙ্খল কমিটি গঠন করে তা প্রকাশের জন্য নির্দেশনা দেওয়া হয়েছে।

জাতীয় ছাত্রশক্তি সুনামগঞ্জ জেলা শাখার আহ্বায়ক এন. ডি. উছমান গনি, সদস্য সচিব মো. রিদওয়ানুল হক নিহাল এবং মুখ্য সংগঠক বায়েজিদ আহমেদ-এর যৌথ স্বাক্ষর ও সুপারিশক্রমে কমিটিটি আনুষ্ঠানিকভাবে অনুমোদন দেওয়া হয়।

নতুন কমিটি গঠনের খবরে দিরাই উপজেলার স্থানীয় নেতাকর্মীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা দিয়েছে। নবগঠিত কমিটির মাধ্যমে দিরাই উপজেলায় সংগঠনের সাংগঠনিক কার্যক্রম আরও সম্প্রসারিত ও সুসংগঠিত হবে বলে আশা প্রকাশ করেছেন সংশ্লিষ্ট নেতৃবৃন্দ।

এ বিভাগের আরও খবর



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ ও...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০
বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...



নিখোঁজের ৪৮ ঘণ্টা পর কুয়াকাটা সৈকতে মিলল বিচারক ফারহান নাদীমের সন্ধান

নিখোঁজের প্রায় ৪৮ ঘণ্টা পর পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকত থেকে বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের সিনিয়র সহকারী জজ শেখ ফারহান নাদীমকে উদ্ধার করে...



বিশ্বম্ভরপুরে ১ লাখ ২৫ হাজার ভারতীয় বিড়ি উদ্ধার, গ্রেপ্তার ৫

সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে পৃথক দুটি অভিযান চালিয়ে ১ লাখ ২৫ হাজার ৯৫০টি ভারতীয় বিড়ি ও চারটি মোটরসাইকেল জব্দ করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/dirai-upjela-jatiy-chhatrshktir-angshik-kmiti-gthn